রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**রাজনৈতিক-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ/০৫ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৭৬.০৭.০০১.১৩-১২৭**—মানব পাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২ এর ধারা-১৯ এর উপধারা (৬) এর অধীনে মানব পাচার বিষয়ে পুলিশের তদন্ত, নিরাপত্তা বিধান ও প্রতিরোধমূলক কার্যক্রম ও দায়িত্বসমূহের সমন্বয় ও তদারক করিবার উদ্দেশ্যে নিম্নরূপভাবে পুলিশ হেডকোয়ার্টার্স এ একটি কেন্দ্রীয় মানব পাচার প্রতিরোধ মনিটরিং সেল গঠন করা হইলো :

| | | | |
|---|---|---|---|
| ১। | অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক (এএন্ডও) | ০১ | সুপিরিয়র ইনচার্জ |
| ২। | উপ-মহাপুলিশ পরিদর্শক (ক্রাইম ম্যানেজমেন্ট) | ০১ | সমন্বয়কারী |
| ৩। | অতিরিক্ত উপ-মহাপুলিশ পরিদর্শক (স্পেশাল ক্রাইম) | ০১ | সার্বিক ব্যবস্থাপনা ও তদারককারী ফোকাল পয়েন্ট |
| ৪। | অতিরিক্ত পুলিশ সুপার | ০১ | সদস্য |
| ৫। | সিনিয়র সহকারী পুলিশ সুপার/সহকারী পুলিশ সুপার | ০২ | সদস্য |
| ৬। | পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) | ০২ | সদস্য |
| ৭। | উপ-পরিদর্শক | ০২ | সদস্য |
| ৮। | সহকারী উপ-পরিদর্শক (নিরস্ত্র) | ০১ | সদস্য |
| ৯। | কম্পিউটার অপারেটর | ০২ | সদস্য |
| ১০। | কনস্টেবল | ০৩ | সদস্য |


**মূল্য ঃ** টাকা ৪.০০

২। **মানব পাচার প্রতিরোধে কেন্দ্রীয় মনিটরিং সেল এর কর্মপরিধি :—**

(ক) আইনের অধীন দায়েরকৃত সকল মামলার অগ্রগতি, মামলার তদন্ত, ইত্যাদি মনিটরিং সেল নিবিড়ভাবে তদারকি করিবে এবং তথ্য প্রদানকারীর নিরাপত্তা বিধান, মানব পাচারের শিকার ব্যক্তি বা ভিকটিম এর নিরাপত্তা ও মানব পাচার প্রতিরোধমূলক কার্যক্রমকে ফলপ্রসূ করিবার লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা এবং প্রয়োজনে কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করিবে;

(খ) মনিটরিং সেল বিভিন্ন জেলা হইতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে একটি কম্পিউটার ভিত্তিক তথ্যভাণ্ডার প্রস্তুত ও সংরক্ষণ করিবে এবং উক্ত তথ্য সকল সরকারি সংস্থা ব্যবহার করিতে পারিবে;

(গ) মনিটরিং সেল, জাতীয় সংস্থার সহিত পরামর্শক্রমে ও উহার সহায়তায়, সময়ে সময়ে, মানব পাচারকারীদের ছবি ও প্রাসংগিক সকল তথ্য, যতদূর সম্ভব, বিস্তারিত বিবরণ বহুল প্রচারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে;

(ঘ) মনিটরিং সেল প্রতি মাসে উহার পূর্ববর্তী মাসের কার্যক্রমের বিবরণী, প্রয়োজনীয় সুপারিশসহ, জাতীয় সংস্থার নিকট প্রেরণ করিবে;

(ঙ) আইনের ধারা ৩৪ এবং এই বিধির অধীন তথ্য ভাণ্ডার পরিচালনা, সংরক্ষণ, ইত্যাদির বিষয়ে মনিটরিং সেল জাতীয় সংস্থার নিকট হইতে সকল ধরনের সহায়তা প্রাপ্ত হইবে এবং তদকর্তৃক চাহিত তথ্যাদি প্রেরণে বাধ্য থাকিবে;

(চ) আইনের অধীন সাজা ভোগ করিবার পর মুক্ত হইয়াছেন কিংবা জামিনে মুক্ত হইয়াছেন এমন কোন মানব পাচারকারী বা অভিযুক্ত ব্যক্তিদের কার্যক্রম বা চলাফেরা সংশ্লিষ্ট থানার পুলিশ কর্তৃপক্ষ মনিটরিং সেল এবং স্থানীয় মানব পাচার প্রতিরোধ কমিটির সহিত পরামর্শক্রমে তদারকি করিবে;

(ছ) কোন মানব পাচারের ঘটনা সম্পর্কে অবহিত হইবার পর বা মানব পাচারের শিকার ব্যক্তি বা ভিকটিমের অবস্থান চিহ্নিত হইবার সঙ্গে সঙ্গে পুলিশ এবং অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থা উক্ত মানব পাচারের শিকার ব্যক্তি বা ভিকটিমকে উদ্ধারের লক্ষ্যে অভিযান পরিচালনা বা উদ্ধার তৎপরতা শুরু করিবে এবং উদ্ধার প্রক্রিয়ার অগ্রগতি সম্পর্কে সংশ্লিষ্ট থানা, মনিটরিং সেল এবং জাতীয় সংস্থাকে অবহিত রাখিবে;

(জ) পুলিশ ব্যতীত অন্য কোন উদ্ধারকারী কর্মকর্তা কর্তৃক মানব পাচারের শিকার কোন ব্যক্তি বা ভিকটিমকে উদ্ধার করা হইলে তাহাকে, প্রয়োজনে প্রবেশন কর্মকর্তার সহায়তায়, পুলিশের নিকট হস্তান্তর করিবে এবং হস্তান্তরের নোটসহ উপ-বিধি (১) এ বর্ণিত ফরম-১ এর কপি সংশ্লিষ্ট থানা, মনিটরিং সেল এবং জাতীয় মানব পাচার সংস্থার নিকট প্রেরণ করিবে;

(ঝ) পূর্বে মামলা দায়ের করা না হইলে, মানব পাচারের শিকার কোন ব্যক্তি বা ভিকটিমকে উদ্ধারের পর, যতদূর সম্ভব, সংশ্লিষ্ট কর্মকর্তা পাচারের ঘটনা রেকর্ডভুক্ত ও মামলা দায়ের করিবেন এবং এতদ্সংক্রান্ত তথ্য কেন্দ্রীয় মনিটরিং সেল এবং জাতীয় সংস্থার নিকট প্রেরণ করিবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনোয়ারা ইশরাত**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd